

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সতর্ক থাকতে বললেন খালেদা জিয়া

নিজের প্রতিবেদক •

বিশ্ববিদ্যালয়গুলোতে চলমান সংকটের কারণে শিক্ষকদের সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন বিএনপির চেয়ারপারসন ও বিরোধীদলীয় নেতা খালেদা জিয়া। তিনি নির্দেশীয় নিয়মের তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে বিএনপির নেতৃত্বাধীন জোটের আন্দোলনে নিজ নিজ অবস্থান থেকে সক্রিয় থাকতে তাঁদের প্রতি আহ্বান জানান।

চলমান রাজনৈতিক পরিস্থিতিতে বিরোধী দলের আন্দোলনের কর্মকোশল নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সঙ্গে মতবিনিময় বৈঠকে খালেদা জিয়া এ কথা বলেন। গতকাল শনিবার রাত নয়টার দিকে ওলশানে চেয়ারপারসনের কার্যালয়ে এই রুজুঘার বৈঠক শুরু হয়। শেষ হয় রাত ১২টায়।

বৈঠকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা খালেদা জিয়ার শান্তিপূর্ণ কর্মসূচির প্রতি সমর্থন জানান। সরকারের কোনো ফাঁদে পড় না দিতে বিএনপিকে আরও সতর্ক হওয়ার আহ্বান জানান তারা। শিক্ষকেরা বলেন, দাবি আন্দায়ের আন্দোলনে বিএনপি সঠিক পথে আছে। তবে সরকারের ব্যর্থতা থেকে সুবিধা নিতে দলটি অনেক বার্ষিক হয়েছিল। বিএনপিকে জনস্বার্থের ইস্যুগুলোতে আরও বেশি ভূমিকা রাখতে তাঁরা খালেদা জিয়াকে অনুরোধ করেন। খালেদা জিয়া শিক্ষকদের কাছে আশ্বাসী দিনের করণীয় সম্পর্কে পরামর্শ চান।

পেশাজীবীদের সঙ্গে মতবিনিময়ের মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে খালেদা জিয়া শিক্ষকদের সঙ্গে এই বৈঠক করেন। এটি ছিল প্রথম বৈঠক। পর্যায়ক্রমে অন্য পেশাজীবীদের সঙ্গেও তাঁর বৈঠক করার কথা রয়েছে।

মতবিনিময় সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এমাজউদ্দীন আহমদ, মনিরুজ্জামান সিএম, আনোয়ারউল্লাহ চৌধুরী, এস এম এ ফারুক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য খন্দকার মুস্তাফিজুর রহমান, এনামুল হক চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাহবুবউল্লাহ, সদরুল আমিন, আফ ম ইউসুফ হায়দার, জিন্নাতুন নেসা তাহমিনা, শাহিদা রফিক, আবদুল আজিজ, তাজমেদী এস এ ইসলামসহ শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।

হলমার্কে কেলেঙ্কারি সরকারের দুর্নীতির অংশ: মির্জা ফখরুল হলমার্কে গ্রুপের অর্থ কেলেঙ্কারি সরকারের দুর্নীতির অংশ বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে এক আন্দোলনা সভায় মির্জা ফখরুল এই অভিযোগ করেন।

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিবের আশঙ্কা, এই অর্থ কেলেঙ্কারির ঘটনা থেকে হলমার্কে গ্রুপ পার পেয়ে যাবে। তিনি বলেন, এ ঘটনার পর ব্যাংক দুটোরাদের কাউকে এখন পর্যন্ত শ্রেণ্ডার করা হয়নি। নথরবিহীন গাড়ি নিয়ে হলমার্কে'র এমডি দুদকে (দুর্নীতি দমন কমিশন) যান। নথরবিহীন দুদক অপেক্ষা করছে, কখন নির্দেশ আসবে, আর বলবে এরা (হলমার্কে) নির্দোষ।

মির্জা ফখরুল অভিযোগ করেন, শুধু হলমার্কে ব্যাংক কেলেঙ্কারি থেকেই নয়, ডেসটিনি, ইউনিপেটইউ ইত্যাদি কোম্পানির মাধ্যমে ক্ষমতাসীন ব্যক্তির জনগণের হাজার হাজার কোটি টাকা 'স্ট' করে বিদেশে পাচার করেছেন।